আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক
ANSAR-VDP UNNAYAN BANK

আইসিটি বিভাগ

তারিখ: ২৬-১০-২০২১

বিষয়ঃ ইনোভেশন কমিটির অক্টোবর-২০২১ এর মাসিক সভার কার্যবিবরণী

সভার সভাপতিঃ জনাব মোঃ আলাউদ্দিন, মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং ইনোভেশন অফিসার।
সভার স্থানঃ ইনোভেশন অফিসারের অফিস কক্ষ
সভার তারিখঃ ২৬-১০-২০২১
সময়ঃ বিকাল ০৩:০০ ঘটিকা

সভায় কমিটির নিম্নোক্ত নির্বাহী-কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:
১. জনাব মোঃ আলাউদ্দিন, মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং ইনোভেশন অফিসার. এভিইউবি, প্রকা, ঢাকা।
২. জনাব মোঃ শিব্বির আহমেদ, উপ-মহাব্যবস্থাপক, প্রশাসন বিভাগ, এভিইউবি, প্রকা, ঢাকা।
৩. জনাব মোঃ আব্দুর রহিম, সহকারী মহাব্যবস্থাপক, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ, এভিইউবি, প্রকা, ঢাকা।
৪. জনাব মোঃ মিজানুর রহমান, সহকারী মহাব্যবস্থাপক, নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ, এভিইউবি, প্রকা, ঢাকা।
৫. জনাব মোহাম্মদ হাসান মাহমুদ, সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, এভিইউবি, প্রকা, ঢাকা।
৬. জনাব তৌহিদ মোহাম্মদ শোয়েব, প্রোগ্রামার, আইসিটি বিভাগ, এভিইউবি, প্রকা, ঢাকা।
৭. জনাব পলাশ হালদার, প্রিন্সিপাল অফিসার, আইসিটি বিভাগ, এভিইউবি, প্রকা, ঢাকা।

সভার শুরুতে ইনোভেশন টিমের সভাপতি ও মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ) মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভা শুরু করার জন্য সভাপতি মহোদয় অনুমতি প্রদান করেন। সভায় পূর্ববর্তি সভার কার্যবিবরণী উপস্থাপন করেন জনাব মোঃ আব্দুর রহিম, সহকারী মহাব্যবস্থাপক, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ মহোদয় । উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। পূর্ববর্তি সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং অদ্যকার সভায় বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র নং	আলোচনার বিষয়	আলোচনা	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নকারী বিভাগ
১.১	২০২১-২০২২ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ- "মোবাইল অ্যাপ" বাস্তবায়ন	২০২১-২২ অর্থ বছরের উদ্ভাবনী উদ্যোগ হিসেবে- "মোবাইল অ্যাপ" ধারণাটি গৃহিত হয়। উক্ত মোবাইল এ্যাপস-এ নিম্নোক্ত ফিচারসমূহ অন্তর্ভুক্ত থাকবে: - এক নজরে ব্যাংকের তথ্য - মিশন ও ভিশন - আমানত সেবা, - ঋণ সেবা, - শেয়ার সংক্রান্ত সেবা, - ব্যাংকের বিভিন্ন কার্যালয় - ব্যাংকের পোর্টাল, ইনোভেশন ব্লগ ইত্যাদির আন্তসংযোগ ইত্যাদি।	সভাপতি মহোদয় আইসিটি বিভাগ-এর প্রিন্সিপাল অফিসার জনাব পলাশ হালদার-কে মোবাইল এ্যাপ ডেভেলপমেন্ট-এর নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে প্রোগ্রামার মহোদয় প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন এবং সিস্টেম এনালিস্ট মহোদয় সার্বিক বিষয়টি মনিটরিং করবেন।	আইসিটি বিভাগ
১.২	PMIS বাস্তবায়ন পর্যালোচনা	বিগত অর্থ বছরের বাস্তবায়িত PMIS Software টির চলতি বছরে ৪টি ফলোআপ সভা করার বাধ্যবাধকতা রয়েছে। উক্ত বিষয়ে সিস্টেম এনালিস্ট মহোদয় সভাকে অবহিত করেন যে, ইতিমধ্যে ১ টি সভা অনুষ্ঠিত হয়েছে।	নির্ধারিত সময়ের মধ্যে অপর ৩টি ফলোআপ সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়।	আইসিটি বিভাগ

চলমান পাতা-০২

ক্র নং	আলোচনার বিষয়	আলোচনা	সভার সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.৩	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলা করণীয় বিষয়ে আলোচনা	৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় ব্যাংকের করণীয় নির্ধারণে ব্যাংকের কর্মরত কর্মকর্তাদের এ বিষয়ে অবহিতকরণ ও প্রশিক্ষণ প্রদানের জন্য সভায় মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়।	ব্যাংকের রিসোর্স পারসন এর মাধ্যমে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে ০২টি কর্মশালার আয়োজন করতে হবে।	প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ
১.৪	সেবাবক্স হালনাগাদকরণ	ব্যাংকের তথ্য বাতায়নের বিভিন্ন সেবাবক্স রয়েছে। উক্ত সেবাবক্সে ব্যাংকের বিভিন্ন সেবা বিষয়ক তথ্য সন্নিবেশ করা হয়ে থাকে। উক্ত সেবাবক্স সমূহ অর্থ-বিভাগের নির্দেশনা মোতাবেক নিয়মিত হালনাগাদ রাখা অত্যন্ত জরুরি। এ বিষয়ে আলোচনা শেষে সভাপতি মহোদয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ রাখার নির্দেশনা প্রদান করেন।	তথ্য বাতায়নের সেবাবক্সসমূহে নিয়মিত হালনাগাদ রাখতে হবে।	আইসিটি বিভাগ
১.৫	দেশে বাস্তবায়িত উদ্যোগ পরিদর্শন	প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দেশে বাস্তবায়িত সরকারের বিভিন্ন মেগা প্রকল্প পরিদর্শন করার প্রয়োজনীয়তা বিষয়ে সভায় বিশদ আলোচনা অনুষ্ঠিত হয়। বাস্তবায়িত মেগা প্রকল্প পরিদর্শন করলে সেখান থেকে নতুন নতুন ধারণা পাওয়া যেতে পারে, যার আঙ্গিকে ব্যাংকের জন্য উপযোগী কোন উদ্যোগ গ্রহন করার সম্ভাবনা সৃষ্টি হবে।	দেশে বাস্তবায়িত মেগা প্রকল্পের তালিকা প্রস্তুত করতে হবে এবং পরবর্তি সভায় তা উপস্থাপন করতে হবে।	আইসিটি বিভাগ
১.৬	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন পরিকল্পনা বাস্তবায়নে বিদেশে বাস্তবায়িত উদ্যোগ পরিদর্শন	বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তির আওতায় ই-গভর্ন্যান্স নিশ্চিতকরণ এবং নতুন নতুন উদ্ভাবন পরিকল্পনা বাস্তবায়নের জন্য কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধির প্রয়োজনীয়তা অপরিহার্য। দক্ষতা বৃদ্ধির জন্য উন্নত দেশে বাস্তবায়িত উদ্ভাবনী প্রকল্প পরিদর্শনের মাধ্যমে সময়োপযোগী অভিজ্ঞতা অর্জন করা যেতে পারে। এতে কর্মকর্তাগণ নতুন ধারনা থেকে ব্যাংকের জন্য প্রয়োজনীয় কোন আইডিয়া বাস্তবায়নের মাধ্যমে ব্যাংকের অগ্রগতি নিশ্চিতে ভূমিকা রাখতে পারে। এ বিষয়ে সভায় বিশদ আলোচনা হয়।	ইনোভেশন কমিটি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে বিষয়টি অবহিত করবেন এবং প্রয়োজনীয় পরামর্শ গ্রহন শেষে পরবর্তি সিদ্ধান্ত গ্রহন করবেন।	ইনোভেশন টিম

চলমান পাতা-০৩

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬/১০/২১
পলাশ হালদার
প্রিন্সিপাল অফিসার
আইসিটি বিভাগ
ও সদস্য-সচিব, ইনোভেশন টিম

২৬/১০/২১
তৌহিদ মোহাম্মদ শোয়েব
প্রোগ্রামার
আইসিটি বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

২৬/১০/২১
মোহাম্মদ হাসনি মাহমুদ
সিস্টেম এনালিস্ট
আইসিটি বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

২৬/১০/২১
মোঃ মিজানুর রহমান
সহকারী মহাব্যবস্থাপক
নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

২৬/১০/২১
মোঃ আব্দুর রহিম
সহকারী মহাব্যবস্থাপক
প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

26-10-2021
মোঃ শিব্বির আহম্মেদ
উপ-মহাব্যবস্থাপক
প্রশাসন বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

26.10.21
মোঃ আলাউদ্দিন
মহাব্যবস্থাপক
(প্রশাসন মহাবিভাগ)
এবং
ইনোভেশন অফিসার

সূত্র নং- ১/২২/১১১/ ৪০৬২ তারিখঃ ০৬.০২.২০২২

বিতরন:-

১। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। উপ-মহাব্যবস্থাপক, প্রশাসন বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। বিভাগ প্রধান, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। বিভাগ প্রধান, নিরীক্ষা ও পরিদর্শন বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। প্রোগ্রামার, আইসিটি বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৭। জনাব পলাশ হালদার, প্রিন্সিপাল অফিসার, আইসিটি বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি: -

১। স্টাফ অফিসার টু এমডি, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার টু ডিএমডি, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু জিএম, মহাব্যবস্থাপক (অপারেশন/হিসাব ও নিরীক্ষা) মহোদয়ের দপ্তর, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।